Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

# অর্থ আইন, ১৯৮৮

## সূচী

ধারাসমূহঃ

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন।
২। Bengal Act I of 1932 এর সংশোধন।
৩। Act I of 1944 এর সংশোধন।
৪। Act XV of 1963 এর সংশোধন।
৫। Act IV of 1969 এর সংশোধন।
৬। Act XI of 1981 এর সংশোধন।
৭। Ordinance LV of 1983 এর সংশোধন।
৮। Ordinance XXXVI of 1984 এর সংশোধন।
৯। Ordinance XLV of 1986 -এর সংশোধন।
১০। ১৯৮৮ সালের ১ নং আইনের সংশোধন।
১১। বীমা প্রিমিয়াম কর।
১২। উন্নয়ন লেভী আরোপ ও আদায়।
১৩। আয়কর।
১৪। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর আওতায় সারচার্জ।

Scanned with CamScanner

# অর্থ আইন, ১৯৮৮

## ১৯৮৮ সনের ৩৩ নং আইন

[৩০জুন, ১৯৮৮]

সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন।

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন

১। (১) এই আইন অর্থ আইন, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

(২) Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931) এবং উহার অধীনে জারীকৃত ঘোষণা সাপেক্ষে, এই আইন ১৯৮৮ সনের ১লা জুলাই তারিখ হইতে কার্যকর হইবে।

Bengal Act I of 1932 এর সংশোধন

২। Motor Vehicles Tax Act, 1932 (Ben. Act I of 1932) এর First Schedule এর পরিবর্তে এই আইনের প্রথম তফসিলে বর্ণিত Schedule প্রতিস্থাপিত হইবে।

Act I of 1944 এর সংশোধন

৩। Excises and Salt Act, 1944 (I of 1944) এর FIRST SCHEDULE এই আইনের দ্বিতীয় তফসিলে বর্ণিতরূপে সংশোধিত হইবে।

Act XV of 1963 এর সংশোধন

৪। Wealth-tax Act, 1963 (XV of 1963) এর section 16 এ, sub-section (5) এর পর নিম্নরূপ নূতন sub-section সংযোজিত হইবে, যথা:-

"(6) No order of assessment under this section in respect of any net wealth shall be made after the expiry of two years from the end of the assessment year in which the net wealth was first assessable:

Provided that such assessment may be made in respect of a case pending before the Deputy Commissioner of Taxes on the 1st July, 1988 within three years from that date."।

Act IV of 1969 এর সংশোধন

৫। Customs Act, 1969 (IV of 1969) এর-

(১) section 179 এর TABLE এর আইটেম I এর পরিবর্তে নিম্নরূপ আইটেম I প্রতিস্থাপিত হইবে, যথা:-

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| "I. Adjudication of cases involving confiscation of goods or imposition of penalty or both. | Collector of Customs | Value of goods exceeding Taka 5,00,000.00 |
| | Additional Collector of Customs. | Value of goods not exceeding Taka 5,00,000.00 |
| | Joint Collector of Customs. | Value of goods not exceeding Taka 4,00,000.00 |
| | Deputy Collector of Customs. | Value of goods not exceeding Taka 1,00,000.00 |
| | Assistant Collector of Customs. | Value of goods not exceeding Taka 40,000.00 |
| | Superintendent of Customs. | Value of goods not exceeding Taka 10,000.00."; |

২। THE FIRST SCHEDULE এর পরিবর্তে তৃতীয় তফসিলে বর্ণিত THE FIRST SCHEDULE প্রতিস্থাপিত হইবে।

৬। Finance Act, 1981 (XI of 1981) এর section 14 এর sub-section (1) এ "5%" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "6%" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে। **Act XI of 1981 এর সংশোধন**

৭। Motor Vehicles Ordinance, 1983 (LV of 1983) এর– **Ordinance LV of 1983 এর সংশোধন**

(১) section 7 এর sub-section (9) এ, "thirty taka" শব্দগুলির পরিবর্তে "fifty taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) section 12 এর–

(ক) sub-section (4) এ, "fifty taka" শব্দগুলির পরিবর্তে "twenty-five taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) sub-section (5) এ, "thirty taka" শব্দগুলির পরিবর্তে "forty taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

Scanned with CamScanner

(৩) section 21 এর sub-section (3) এ, "twenty taka" শব্দগুলির পরিবর্তে "thirty taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) section 79 এর sub-section (2) এর clause (c) এর–

(ক) sub- clause (i) এ, ''taka ten thousand" শব্দগুলির পরিবর্তে ''fifteen thousand taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) sub- clause (ii) তে, ''taka one thousand" শব্দগুলির পরিবর্তে "one thousand and five hundred taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**Ordinance XXXVI of 1984 এর সংশোধন**

৮। Income Tax Ordinance, 1984 XXXVI of 1984) এর-

(১) section 16 এর পর নিম্নরূপ নূতন section 16A সন্নিবেশিত হইবে, যথা:-

"16A **Charge of surcharge.**- (1) Where any Act of Parliament enacts that a surcharge on income shall be charged for any assessment year at any rate or rates, such surcharge at that rate or those rates shall be charged for that year in respect of the total income of the income year or the income years, as the case may be, of every person.

(2) All the provisions of this Ordinance relating to charge, assessment, deduction at source, payment in advance, collection, recovery and refund of income tax shall, so far as may be, apply to the charge, assessment, deduction at source, payment in advance, collection, recovery and refund of the surcharge.";

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

(২) section 43 এর sub-section (5) এর শেষ প্রান্তে কোলনটির পরিবর্তে একটি ফুলস্টপ্ প্রতিস্থাপিত হইবে এবং তৎপর proviso টি বিলুপ্ত হইবে;

(৩) section 44 এর sub-section (3) তে "assessee" শব্দটির পরিবর্তে "assessee or two lakh taka, whichever is the less" শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে;

Scanned with CamScanner

(৪) section 49 এর sub-section (1) এর clause (f) এর শেষ প্রান্তস্থিত "and" শব্দটি বিলুপ্ত হইবে এবং clause (g) এর শেষ প্রান্তস্থিত ফুল-স্টপটির পরিবর্তে একটি সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন clauses (h), (i), (j), (k), (l) ও (m) সংযোজিত হইবে, যথা:-

"(h) Income classifiable under the head "Income from house property";

(i) income derived on account of export of manpower;

(j) income derived on account of purchase by public auction;

(k) income derived on account of acting in films;

(l) income derived on account of travel agency commission; and

(m) income derived on account of shipping agency commission.";

(৫) section 52 এর sub-section (1) এ "indenting commission" শব্দগুলির পর "or travel agency commission or shipping agency commission" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৬) section 53 এর পর নিম্নরূপ নূতন sections 53A, 53B, 53C এবং 53D সন্নিবেশিত হইবে, যথা:-

"**53A. Deduction at source from income from house property.-** (1) Where the Government or any authority, corporation or body, including its units, the activities or the principal activities of which are authorised by any Act, Ordinance, order or instrument having the force of in Bangladesh or any company, other than a private limited company, as defined in the Companies Act, 1913 (VII of 1913), or any banking company, or any insurance company or any co-operative bank established by or under any law for the time being in force or any non-governmental organisation run or supported by any foreign donation or assistance is a tenant in respect of a house property and the total rent payable in a year in respect of such property exceeds or is likely to exceed forty-eight thousand taka, the tenant shall deduct from the house rent as advance tax an amount, not exceeding seven and a half per cent. of the rent, as may be prescribed.

Scanned with CamScanner

(2) Where, after the assessment made for the relevant year, it is found that no tax was payable by the owner of the house property or the amount be tax deducted is in excess of the amount payable, the amount deducted shall be refunded,-

(a) if no tax was payable, in full, or

(b) if the amount deducted is in excess of the amount payable, to the extent of the excess deduction

to the owner of the house property.

(3) Where the Deputy Commissioner of Taxes, on an application made in this behalf, gives a certificate in the prescribed form to an owner of house property that, to the best of his belief, the owner is not likely to have any assessable income during the year or the income is otherwise exempted from payment of income tax under any provisions of this Ordinance, payment referred to in sub-section (1) shall be made without any deduction until the certificate is cancelled.

**53B. Deduction of tax from income derived on account of export of manpower.-** The Director General, Bureau of Manpower, Employment and Training shall, before giving clearance for export of any manpower, collect from the exporter concerned as advance tax on Income on account of such export at such rate, not exceeding seven and a half per cent. of the service charge or fees mentioned in clause (n) and clause (r), respectively, of section 19 (2) of the Emigration Ordinance, 1982 (XXIX of 1982), as may be prescribed.

**53C. Collection of tax on sale price of goods or property sold by public auction.-** Any person making sale, by public auction, of any goods or property belonging to the Government or any authority, corporation or body, including its units, the activities or the principal activities of which are authorised by any Act, Ordinance, order or intstument having the force of law in Bangladesh or

Scanned with CamScanner

any company, other than a private limited company, as defined in the Companies Act, 1913 (VII of 1913), or any banking company, or any insurance company or any co-operative bank established by under any law for the time being in force shall collect, before delivering the possession of the goods or the property, as advance tax on the income from the sale price of such goods or property from the auction purchaser at such rate, not exceeding seven and a half per cent. of the sale price, as may be prescribed.

**Explanation.-** For the purposes of this section, sale of any goods or property includes the awarding of any lease to any person, including a lease of the right to collect octroi duties, tolls, fees or other levies, by whatever name called, but does not include sale of a plot of land.

53D. **Deduction from payment to actors and actresses.-** Where any payment is to be made, in full or in part or by way of advance, by a person producing a film, on account of acting in any film by a film actor or actress and such payment exceeds or is likely to exceed thirty six thousand taka in the aggregate in any income year, the person producing the film shall deduct, before making such payment, tax on the income from acting in such film at such rate, not exceeding seven and a half per cent. of such payment, as may be prescribed."

(৭) section 174 এর sub-section (3) এর clause (b) এর sub-clause (ii) তে সেমিকোলনটির পরিবর্তে একটি কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ proviso সমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

"Provided that no person shall be disqualified under this sub-clause unless he is given a reasonable opportunity of being heard:

Provided further that any person disqualified under this sub-clause may within one month of his disqualification, appeal to the Board to have the disqualification removed:

Scanned with CamScanner

Provided further that no disqualification under this sub-clause shall take effect until one month from the date of such disqualification has elapsed or, when an appeal is preferred, until the disposal of the appeal;";

(৮) section 184 এ-

(ক) sub-section (1) এ "Deputy Commissioner, Commissioner of Taxes" শব্দগুলি ও কমাটির পরিবর্তে "Deputy Commissioner of Taxes" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং সর্বদা উক্তরূপ প্রতিস্থাপিত হইয়াছিল বলিয়া গণ্য হইবে, এবং তৎপর proviso টির পরিবর্তে নিম্নরূপ proviso প্রতিস্থাপিত হইবে, যথা :-

"Provided that no such certificate shall be necessary in respect of mortgage to any bank of any property valued at a sum not exceeding one lakh taka or in respect of sale by a bank as a mortgagee empowered to sell.";

(খ) sub-section (4) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (4) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(4) Nothing in this section shall apply to any transaction in relation to-

(a) any agricultural land, or

(b) any non-agricultural lan valued at a sum not exceeding one lakh taka, situated outside the jurisdiction of any municipal corporation, pourashava or cantonment board or to any document relating to such transaction.";

(৯) SIXTH SCHEDULE এর PART-B তে paragraph ৪ এ দুই স্থানে উল্লেখিত "the Controller of Capital Issues or" শব্দগুলি বিলুপ্ত হইবে।

**Ordinance XLV of 1986-এর সংশোধন**

৯। Finance Ordinance, 1986 (XLV of 1986) এর section 11 এর sub-section (1) এ, "one hundred" শব্দগুলির পরিবর্তে "three hundred" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**১৯৮৮ সালের ১ নং আইনের সংশোধন**

১০। ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী আইন, ১৯৮৮ (১৯৮৮ সালের ১ নং আইন) এর-

(১) ধারা ১ এর উপ-ধারা (১) এ, "ও লেভী" শব্দগুলি বিলুপ্ত হইবে;

Scanned with CamScanner

(২) ধারা ২ এর–

(ক) উপ শিরনামায় "ও লেভী" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) দফা (ক) তে "; এবং " সেমিকোলন ও শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(গ) দফা (খ) বিলুপ্ত হইবে;

(৩) ধারা ৩ এ, দুই স্থানে (উপ শিরোনামাসহ) উল্লিখিত, "ও লেভী" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(৪) দ্বিতীয় তফসিল বিলুপ্ত হইবে।

১১। [বীমা প্রিমিয়াম কর- অর্থ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ৩৬ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত।]

১২। [উন্নয়ন লেভী আরোপ ও আদায়- অর্থ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ৩৬ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত।]

১৩। (১) উপধারা (২), (৩), (৪), (৫), এবং (৬) এর বিধান সাপেক্ষে, ১৯৮৮ সালের ১লা জুলাই হইতে আরব্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারনের ক্ষেত্রে চতুর্থ তফসিলের প্রথম অংশে নির্দিষ্ট কর হার অনুযায়ী আয়কর ধার্য হইবে। আয়কর

(২) ১৯৮৮ সালের ১লা জুলাই হইতে আরব্ধ কর বৎসরের জন্য কোন কোম্পানীর কর নির্ধারণের ক্ষেত্রে, যদি মোট আয়ের মধ্যে জীবন বীমা ব্যবসায় হইতে প্রাপ্ত কোন আয় অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে প্রদেয় আয়কর জীবন বীমা ব্যবসায় হইতে প্রাপ্ত আয়ের ১২.৫% এর সমপরিমাণে হ্রাস করা হইবে।

| | |
|---|---|
| (অ) যেইক্ষেত্রে রপ্তানীকৃত দ্রব্যসমূহ রপ্তানীকারক করদাতা কর্তৃক উৎপাদিত না হয়: | সেই ক্ষেত্রে রপ্তানী বিক্রয়ের উপর আরোপণযোগ্য আয়করের ৩০%; পরিমাণ। |
| (১) এবং যেইক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের রপ্তানী বিক্রয় পূর্ববর্তী বৎসরের রপ্তানী বিক্রয়ের অধিক; | সেইক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের রপ্তানী বিক্রয় পূর্ববর্তী বৎসরের রপ্তানী বিক্রয়ের তুলনায় প্রতি শতকরা ১০ ভাগ বৃদ্ধির জন্য অতিরিক্ত ১% আয়কর হ্রাস করা হইবে। তবে এই হ্রাস কোন অবস্থাতেই প্রদেয় করের ৪০% এর অধিক হইবে না। |

Scanned with CamScanner

| | |
|---|---|
| (২) এবং যেইক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের রপ্তানী বিক্রয় পূর্ববর্তী বৎসরের রপ্তানী বিক্রয়ের অধিক না হয়; | সেইক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের রপ্তানী বিক্রয় পূর্ববর্তী বৎসরের রপ্তানী বিক্রয়ের তুলনায় প্রতি-শতকরা ১০ ভাগ হ্রাসের জন্য শতকরা ১ ভাগ আয়কর রেয়াত হ্রাস করা হইবে। তবে কোন অবস্থাতেই রেয়াত ২০%-এর কম হইবে না। |
| (আ) যেই ক্ষেত্রে রপ্তানীকৃত দ্রব্যসমূহ রপ্তানীকারক করদাতা কর্তৃক উৎপাদিত হয় :- | পরিমাণ। |
| (১) যেইক্ষেত্রে রপ্তানী বিক্রয় মোট বিক্রয়ের ১০% এর বেশী না হয়; | সেইক্ষেত্রে কোন রেয়াত দেওয়া হইবে না; |
| (২) যেইক্ষেত্রে রপ্তানী বিক্রয় মোট বিক্রয়ের ১০% এর অধিক হয় কিন্তু ২০% এর অধিক না হয়; | সেইক্ষেত্রে রপ্তানী বিক্রয়ের উপর আরোপণযোগ্য আয়করের ৩০%; |
| (৩) যেইক্ষেত্রে রপ্তানী বিক্রয় মোট বিক্রয়ের ২০% এর অধিক হয় কিন্তু ৩০% এর অধিক না হয়; | সেইক্ষেত্রে রপ্তানী বিক্রয়ের উপর আরোপণযোগ্য আয়করের ৪০%; |
| (৪) যেইক্ষেত্রে রপ্তানী বিক্রয় মোট বিক্রয়ের ৩০% এর অধিক হয় কিন্তু ৪০% এর অধিক না হয়; | সেইক্ষেত্রে রপ্তানী বিক্রয়ের উপর আরোপণযোগ্য আয়করের ৫০%; |
| (৫) যেইক্ষেত্রে রপ্তানী বিক্রয় মোট বিক্রয়ের ৪০% এর অধিক হয়; | সেইক্ষেত্রে রপ্তানী বিক্রয়ের উপর আরোপণযোগ্য আয়করের ৬০%। |

(৩) ১৯৮৮ সালের ১লা জুলাই হইতে আরব্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে, করদাতা যদি সমবায় সমিতি হয় তাহা হইলে চতুর্থ তফসিলের প্রথম অংশের অনুচ্ছেদ ক অথবা খ (১) (ঈ)তে নির্দিষ্ট করহার এর মধ্যে যে হারটি তাঁহার অনুকূলে যাইবে, সেই হার অনুযায়ী তাঁহার উপর কর প্রদেয় হইবে:

শর্ত থাকে যে, এই উপধারার উদ্দেশ্যে চতুর্থ তফসিলের প্রথম অংশের ক অনুচ্ছেদে নির্দিষ্ট হার অনুযায়ী আয়কর নির্ধারণের ক্ষেত্রে, উক্ত অনুচ্ছেদের শর্তাংশে উল্লেখিত কোন রেয়াত বা অংক বাদ দেওয়া যাইবে না।

Scanned with CamScanner

(৪) (ক) ১৯৮৮ সালের ১লা জুলাই হইতে আরব্ধ কর বৎসরে, বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এইরূপ করদাতা ব্যতীত অন্য কোন করদাতার মোট আয়ের মধ্যে যদি রপ্তানী ব্যবসায় হইতে প্রাপ্ত কোন মুনাফা অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে দফা (খ) ও (গ) এর বিধান সাপেক্ষে, উক্ত আয়ের উপর প্রদেয় আয়কর নিম্নবর্ণিত পন্থায় হ্রাস করা হইবে:

শর্ত থাকে যে, এখানে হওয়া উচিত স্থানীয়ভাবে তৈয়ারী যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং দেশে উৎপাদিত অন্যান্য তৈয়ারী পণ্য-সামগ্রী যদি কোন সংস্থার নিকট তাহাদের বৈদেশিক মুদ্রার কোটায় সংগ্রহণ কার্যক্রমের অধীনে বিক্রয় করা হয় তবে তাহাও এই দফায় ব্যবহৃত "বাংলাদেশ হইতে রপ্তানী", "বিদেশে রপ্তানীকৃত মালামাল" ও "রপ্তানী বিক্রয়" এর সংজ্ঞাভুক্ত হইবেঃ

আরও শর্ত থাকে যে, স্থানীয়ভাবে প্রস্তুতকৃত কাঁচামাল এবং অন্যান্য উপকরণাদি যদি অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণ পত্রের ভিত্তিতে রপ্তানীমুখী শিল্পসমূহে সরবরাহ করা হয়, তবে তাহাও এই দফায় ব্যবহৃত "বাংলাদেশ হইতে রপ্তানী", "বিদেশে রপ্তানীকৃত মালামাল" ও "রপ্তানী বিক্রয়" এর সংজ্ঞাভুক্ত হইবে।

(খ) নিম্নলিখিত দ্রব্যাদি বা দ্রব্যাদির শ্রেণীসমূহের ক্ষেত্রে (ক) দফায় বর্ণিত বিধান প্রযোজ্য হইবে না, যথা:-

(১) চা;

(২) কাঁচা পাট;

(৩) পাটজাত দ্রব্যাদি;

(৪) কাঁচা চর্মাদি এবং ওয়েট ব্লু চামড়া;

(৫) জাতীয় রাজস্ব বোর্ড সময় সময়ই প্রজ্ঞাপনের মাধ্যমে এই তালিকার অন্তর্ভুক্ত করিতে পারে এইরূপ অন্যান্য দ্রব্যাদি।

(গ) রপ্তানী বিক্রয় হইতে উদ্ভূত মুনাফা নিরূপণ ও উহার উপর আরোপণযোগ্য কর নির্ধারণ এবং এই উপধারার বিধানসমূহ কার্যকর করার উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

(৫) ১৯৮৮ সালের ১লা জুলাই হইতে আরব্ধ কর বৎসরে বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এরূপ করদাতা ব্যতীত অন্য কোন করদাতার মোট আয়ের মধ্যে যদি যাত্রীবাহী বাস বা যাত্রীবাহী লঞ্চ হইতে লব্ধ মুনাফা অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে ঐ বাস বা লঞ্চের মুনাফার উপর আরোপণযাগ্য আয়করের ক্ষেত্রে শতকরা ৫০ ভাগ রেয়াতী হারে কর ধার্য করা হইবে।

Scanned with CamScanner

(৬) যেই সকল ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর SECOND SCHEDULE প্রযোজ্য হইবে, সেই সকল ক্ষেত্রে আরোপণযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারেই ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপধারা (১) অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, উপধারা (২) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৭) Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্তে চতুর্থ তফসিলের প্রথম অংশে নির্দিষ্ট কর হার ১৯৮৮ সালের ১লা জুলাই তারিখে আরব্ধ এবং ১৯৮৯ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৮) এই ধারা এবং এই ধারার অধীনে আরোপিত কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত "মোট আয় (total income)" অভিব্যক্তিতে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর বিধান অনুসারে নিরূপিত মোট আয় (total income) বুঝাইবে।

**Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর আওতায় সারচার্জ্য**

১৪। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর আওতায় ১৯৮৮ সালের ১লা জুলাই হইতে আরব্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে চতুর্থ তফসিলের দ্বিতীয় অংশে নির্দিষ্ট হার অনুযায়ী সারচার্জ ধার্য হইবে।

Scanned with CamScanner

## প্রথম তফসীল
(ধারা ২ দ্রষ্টব্য)

## "THE FIRST SCHEDULE
(See Section 4)

| Sl. No. | Description of motor vehicles | Rate of tax payable for the year |
|---|---|---|
| 1. | (a) Bi-cycle propelled by mechanical power- | |
| | (i) not exceeding two hundred pounds in weight unladen | Taka fifty; |
| | (ii) Oxceeding two hundred pounds in weight unladen | Taka two hundred; |
| | (iii) if used for drawing a trailer or side car | Taka thirty in addition to the tax payable under sub-clause (i) or, as the case may be, (ii); |
| | (b) Tri-cycle propelled by mechanical power | Taka one hundred. |
| 2. | Vehicles for carrying passengers plying for hire- | |
| | (a) seating not more than two passengers. | Taka three hundred and thirty; |
| | (b) seating not more than three passengers. | Taka six hundred and sixty; |
| | (c) seating not more than four passengers. | Taka nine hundred and ninety; |
| | (d) every additional passenger that can be seated. | Taka one hundred and ten. |
| 3. | Vehicles for carrying passengers plying for hire | |
| | (a) Tri-cycles propelled by mechanical power- | |
| | (i) motor cab rickshaw seating not more than two passengers | Taka three hundred; |
| | (ii) tri-cycle other than motor cab mentioned in sub-clause (i) seating more than two passengers. | Taka three hundred and additional taka sixty-six per annum for each additional passenger above two passengers; |

Scanned with CamScanner

| | |
|---|---|
| (b) other vehicles (taxis and buses)- | |
| (i) seating not more than four passengers. | Taka one thousand; |
| (ii) seating more than four passengers, but not more than six passengers. | Taka one thousand and two hundred; |
| (iii) seating more than six passengers | Taka one thousand and two hundred and additional Taka fifty-five for each additional passenger above six passengers. |
| 4. Vehicles for transport of goods- | |
| (a) not exceeding 5,000 pounds in weight laden. | Taka eight hundred; |
| (b) exceeding 5,000 pounds laden but not exceeding 20,000 pounds laden in weight. | Taka eight hundred and additional taka seventy for every additional one thousand pounds laden or fraction thereof exceeding five thousand pounds laden; |
| (c) exceeding 20,000 pounds laden | Taka one thousand eight hundred and fifty and additional taka two hundred for every thousand pounds laden or fraction thereof exceeding twenty thousand pounds laden." |

## দ্বিতীয় তফসীল
(ধারা ৩ দ্রষ্টব্য)

Excises and Salt Act, 1944 (I of 1944) এর FIRST SCHEDULE এর PART I এ,-

(১) SECTION I এ, column 1 এর Item No. 01.03 এর বিপরীতে column 3 তে "five" শব্দটির পরিবর্তে "seven and poisha fifty" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

Scanned with CamScanner

(২) SECTION II তে column 1 এর Item No. 02.05 এবং উহার বিপরীতে column 2 এবং 3 এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নুতন Item No. 02.06 ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ–

"02.06 Butter, whether pasteurised or not Fifteen per cent. *ad valorem.*

(৩) SECTION III তে, column 1 এর Item No. 03.03 এর বিপরীতে column 3 তে "four" শব্দটির পরিবর্তে "three thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) SECTION IX এ, column 1 এর

(ক) Item No. 09.02 এর অধীন "Explantion"এ "and the like" শব্দগুলির পর "made of Chinaware, porcelainware or stoneware" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) Item No. 09.02 এর বিপরীতে column 3 তে "Taka one hundred per thousand bricks" শব্দগুলির পরিবর্তে "Twenty per cent *ad valorem*". শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(5) SECTION XI এ, column 1 এর Item No. 11.10 এবং উহার বিপরীতে column 2 এবং 3 এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন Item ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

| | |
|---|---|
| "11.11 Water transports of the following categories- | |
| (a) Passenger launches | Ten per cent *ad valorem.* |
| (b) Ferry boats, inspection vessels, oil tankers cargo vessels, barges, dumb barges, fishing boats, trawlers and tugs. | Ten per cent. *ad valorem.* |
| (c) Speed boats | Ten per cent. *ad valorem.* |
| 11.12 Sewing machine, all sorts | Fifteen per cent. *ad valorem.*" |

Scanned with CamScanner

## চতুর্থ তফসীল
### প্রথম অংশে
(ধারা ১৩ দ্রষ্টব্য)
### আয়করের হার

ক। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2 (46) এ উল্লেখিত প্রত্যেক ব্যক্তি করদাতা, হিন্দু যৌথ পরিবার, অনিবন্ধিত অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে–যে সকল ক্ষেত্রে খ অনুচ্ছেদ প্রযোজ্য নহে–

| | | |
|---|---|---|
| (১) প্রথম ৫৫,০০০ টাকা করযোগ্য আয়ের উপর | .. .. | ১০% |
| (২) পরবর্তী ৫৫,০০০ টাকা করযোগ্য আয়ের উপর | .. .. | ২০% |
| (৩) পরবর্তী ৫৫,০০০ টাকা করযোগ্য আয়ের উপর | .. .. | ৩০% |
| (৪) পরবর্তী ৫৫,০০০ টাকা করযোগ্য আয়ের উপর | .. .. | ৪০% |
| (৫) অবশিষ্ট করযোগ্য আয়ের উপর | .. .. | ৫০% |

শর্ত থাকে যে,–

(অ) Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর SIXTH SCHEDULE এর PART 'B' এর Paragraph 1 হইতে 14, 17, 18 এবং 20 অনুযায়ী প্রদত্ত কর অব্যাহতি (কিছু থাকিলে) মোট আয় হইতে বাদ দেওয়ার পূর্বে মোট আয় যদি ৩৬,০০০ টাকার অধিক না হয়, তাহা হইলে উক্ত মোট আয়ের উপর কোন আয়কর দিতে হইবে না।

(আ) প্রদেয় আয়কর কোন অবস্থাতেই নিম্নোল্লিখিত সীমারেখা অতিক্রম করিবে না–

(১) ৩৬,০০০ টাকার অতিরিক্ত মোট আয়ের এক-তৃতীয়াংশ, অথবা

(২) মোট আয়ের শতকরা ৫০ ভাগ, এই দুয়ের মধ্যে যেইটি কম। যেইক্ষেত্রে মোট আয়ের মধ্যে এই তফসিলের গ অনুচ্ছেদ প্রযোজ্য হয় এইরূপ কোন নিবন্ধিত ফার্মের আয়, মুনাফা বা লাভ অন্তর্ভুক্ত থাকে সেইক্ষেত্রে এই অনুচ্ছেদ অনুযায়ী প্রদেয় আয়করের সংগে গ অনুচ্ছেদ অনুসারে নিবন্ধিত ফার্ম হইতে প্রাপ্য নির্দিষ্ট অংশের জন্য প্রদেয় আনুপাতিক আয়কর যোগ করা হইবে এবং যোগ করার পর ঐ করের অংকের পরিমাণ যদি নিবন্ধিত ফার্মের অংশীদারের মোট আয়ের শতকরা ৫০ ভাগের বেশি হয়, তাহা হইলে এই অনুচ্ছেদ অনুযায়ী তাঁহার প্রদেয় আয়কর মোট আয়ের শতকরা ৫০ ভাগের বেশি হইবে না ঃ

Scanned with CamScanner

আরও শর্ত থাকে যে, কোম্পানী ব্যতিরেকে, বাংলাদেশে নিবাসী এমন কোন ব্যক্তি বাংলাদেশের বাহিরে উদ্ভূত কোন আয় যদি সরকারী মাধ্যমে (official channel) বাংলাদেশে আনয়ন করেন তাহা হইলে তাঁহার ঐ আয়ের উপর শতকরা ৩০ ভাগ হারে অথবা উক্ত আয়সহ তাঁহার মোট আয়ের উপর প্রযোজ্য হার-এই দুইটি হারের যেইটি তাঁহার অনুকূলে যাইবে-সেই হারে তিনি আয়কর প্রদান করিবেন:

আরও শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Areas) এবং ন্যূনতম উন্নত এলাকা (Least Developed Areas)-য় অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটিরশিল্পের মালিক হন এবং দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি নিম্নে বর্ণিত প্রণালীতে নির্দিষ্ট হারে আয়কর রেয়াত লাভ করিবেন :-

| | রেয়াতের পরিমাণ |
|---|---|
| (অ) যেইক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে, | সেইক্ষেত্রে উক্ত আয়ের প্রতি প্রযোজ্য আয়করের ২.৫% |
| (আ) যেইক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয়, | সেইক্ষেত্রে উক্ত আয়ের প্রতি প্রযোজ্য আয়করের ৫% |

**ব্যাখ্যা।**-এই অনুচ্ছেদে ব্যবহৃত অভিব্যক্তি **"করযোগ্য আয়"** এর অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(63) তে প্রদত্ত "taxable income"-এর সংজ্ঞার অনুরূপ হইবে।

**খ।** কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সেই সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

| | হার |
|---|---|
| (১) বাংলাদেশে যেই কোম্পানীর রেজিষ্ট্রীকৃত অফিস অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেণ্ড আয় ব্যতিরেকে অন্য সর্বপ্রকার আয়ের উপর,- | |
| (অ) এইরূপ প্রত্যেক শিল্প কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company, | উক্ত আয়ের ৪০ শতাংশ |
| (আ) এইরূপ প্রত্যেক শিল্প কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company নহে, | উক্ত আয়ের ৪৫ শতাংশ |

Scanned with CamScanner

| | |
|---|---|
| (ই) ব্যাংক, অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানসমূহ, এবং স্থানীয় কর্তৃপক্ষসহ অন্যান্য সর্বপ্রকার কোম্পানীর ক্ষেত্রে, | উক্ত আয়ের ৫৫ শতাংশ |
| (ঈ) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী, এইরূপ কোন ব্যক্তি শ্রেণীভূক্ত করদাতার ক্ষেত্রে, | উক্ত আয়ের ৩০ শতাংশঃ |

শর্ত থাকে যে, Companies Act, 1913 (VII of 1913) এর অধীন নিবন্ধিত কোন কোম্পানীর বাংলাদেশের বাহিরে উদ্ভূত আয়, যাহার উপর এই আইনের ধারা ১৩(৪) প্রযোজ্য নহে, যদি বাংলাদেশে আনীত হয়, তাহা হইলে সেই আয়ের উপর ১০ শতাংশ হারে রেয়াত প্রদান করা হইবে :

আরও শর্ত থাকে যে, Companies Act, 1913 (VII of 1913) এর অধীনে নিবন্ধিত কোন কোম্পানী যদি দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকে, তাহা হইলে উহাকে নিম্নবর্ণিত হারে রেয়াত প্রদান করা হইবে :-

| | পরিমান |
|---|---|
| (অ) যেইক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে, | সেইক্ষেত্রে উক্ত আয়ের প্রতি প্রযোজ্য আয়করের ২.৫% |
| (আ) যেইক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক, | সেইক্ষেত্রে উক্ত আয়ের প্রতি প্রযোজ্য আয়করের ৫% |
| (2) The Companies Act, 1913 (VII of 1913) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী অথবা জাতীয় সংসদের আইন অনুযায়ী বিধিবদ্ধ কোন সংবদ্ধ প্রতিষ্ঠান হইতে ১৯৪৭ সালের ১৪ই আগষ্টের পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত অংশ-পুঁজির উপরে ঘোষিত এবং পরিশোধিত ডিভিডেণ্ড আয়ের উপর। | ১৫% |

ব্যাখ্যা ১।- "শিল্প কোম্পানী" অভিব্যক্তিতে এইরূপ কোম্পানী বুঝায় যে কোম্পানী প্রধানতঃ নিম্নবর্ণিত কার্য্যাদিতে ব্যাপৃত:-

(১) দ্রব্যাদি উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণ,

Scanned with CamScanner

(২) যন্ত্রপাতি, প্ল্যান্টস, যন্ত্রাদি এবং সর্বপ্রকার সরঞ্জাম প্রস্তুতকরণ,

(৩) জাহাজ অথবা মোটরযান নির্মাণ,

(৪) গ্যাস, তৈল অথবা অন্য কোন খনিজ দ্রব্যাদির অনুসন্ধান ও আহরণ :

শর্ত থাকে যে, কোন আয় বৎসরে কোন শিল্প কোম্পানীর উপরি-উল্লিখিত এক বা একাধিক কার্যোদ্যোগ হইতে প্রাপ্ত আয়, মুনাফা ও লাভ ঐ আয় বৎসরের মোট আয়ের দুই-তৃতীয়াংশের কম হইতে পারিবে না।

**ব্যাখ্যা ২।**– এই অনুচ্ছেদে ব্যবহৃত "publicly traded company" অর্থ এইরূপ পাবলিক লিমিটেড কোম্পানী যাহা নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করে :-

(১) ইহাকে একটি শিল্প কোম্পানী হইতে হইবে;

(২) ইহার পরিশোধিত মূলধন অন্যূন ২০,০০,০০০ টাকা হইতে হইবে;

(৩) আয় বৎসরের সমাপ্তিতে পরিশোধিত মূলধনের অন্ততঃ ৫০% ইহার উদ্যোক্তা এবং পরিচালক মণ্ডলীর সদস্য ব্যতীত অন্যান্যদের মালিকানায় থাকিতে হইবে;

(৪) উদ্যোক্তা এবং পরিচালক মণ্ডলীর সদস্যগণ বেনামীতে কোন শেয়ার ক্রয় করিতে পারিবেন না;

(৫) কোম্পানীর পরিশোধিত মূলধনের মালিকানা শেয়ার মালিক প্রতি গড়ে অন্ততঃ ২০,০০০ টাকা হইতে হইবে;

(৬) যেই আয় বৎসরের জন্য কর নির্ধারণ করা হইবে সেই বৎসরের মুনাফা হইতে ন্যূনতম ১০% ডিভিডেণ্ড হিসাবে ঘোষণা করিয়া শেয়ার মালিকদের মধ্যে বিতরণ করিতে হইবে;

(৭) যেই আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই বৎসরের সমাপ্তির পূর্বে কোম্পানীটির শেয়ার ষ্টক একচেঞ্জে তালিকাভুক্ত হইতে হইবে।

**ব্যাখ্যা ৩।**– এই তফসিলে "Less Developed Areas" এবং "Least Developed Areas" বলিতে ঐ সমস্ত স্থানসমূহ বুঝাইবে যাহা জাতীয় রাজস্ব বোর্ডের ২২শে সেপ্টেম্বর, ১৯৮৫ তারিখের S.R.O. 411-L/85 এবং S.R.O. 412-L/85 এ নির্দিষ্ট করা হইয়াছে।

Scanned with CamScanner

গ। রেজিষ্টার্ড ফার্মের ক্ষেত্রে নিম্নলিখিত হারে আয়কর ধার্য করা হইবে-

| | হার |
|---|---|
| (১) মোট আয়ের প্রথম ৩৬,০০০ টাকার উপর .. | শূন্য |
| (২) মোট আয়ের পরবর্তী ৩৬,০০০ টাকার উপর .. | ১০% |
| (৩) মোট আয়ের পরবর্তী ৭৪,০০০ টাকার উপর .. | ১৫% |
| (৪) মোট আয়ের পরবর্তী ৭৪,০০০ টাকার উপর .. | ২০% |
| (৫) মোট আয়ের অবশিষ্ট অংকের টাকার উপর .. | ২৫%: |

শর্ত থাকে যে, কোন রেজিষ্টার্ড ফার্মের আয়, মুনাফা ও লাভ (income, profits and gains) যদি পেশা ভিত্তিক হয় এবং উক্ত ফার্মের আয়, মুনাফা ও লাভ সম্পূর্ণরূপে অথবা প্রধানতঃ অংশীদারদের ব্যক্তিগত যোগ্যতার উপর নির্ভরশীল হয় এবং ঐ সকল অংশীদারগণ আপাততঃ বলবৎ কোন আইন অথবা তাঁহারা যে পেশাজীবী সমিতি বা সংস্থার সদস্য তাহার রেওয়াজ, বিধি অথবা প্রবিধানের কারণে সীমাবদ্ধ দায়বিশিষ্ট কোন সংবিধিবদ্ধ সংস্থারূপে Companies Act, 1913 (VII of 1913) এর অধীন কোম্পানী হিসাবে নিবন্ধিত হইতে না পারে, তাহা হইলে উক্ত রেজিষ্টার্ড ফার্ম কর্তৃক কোন আয়কর প্রদেয় হইবে না, যদি না উক্ত পেশা সম্পূর্ণ রূপে অথবা প্রধানতঃ অন্য কোন ব্যক্তিবর্গের পক্ষে চুক্তি সম্পাদন অথবা অন্য কোন ব্যক্তিবর্গকে চুক্তি সম্পাদনের লক্ষ্যে বাণিজ্য সম্পর্কিত পরামর্শ প্রদানের প্রকৃতির হয়।

**ব্যাখ্যা।**- এই অনুচ্ছেদে ব্যবহৃত "রেজিষ্টার্ড ফার্ম" অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 111 এর অধীনে রেজিষ্ট্রীকৃত ফার্ম।

## দ্বিতীয় অংশ

(ধারা ১৪ দ্রষ্টব্য)

**সারচার্জের হার**

Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(46) এ উল্লেখিত প্রত্যেক ব্যক্তির ক্ষেত্রে-

| | হার |
|---|---|
| আয়কর প্রযোজ্য এমন ধরণের আয়ের উপর .. | আয়করের ১০% |

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

---

Scanned with CamScanner